

CITY COLLEGE
INTERNAL EXAMINATION -2021, July
PHILOSOPHY HONOURS
B.A. SEM- 4 (Paper- CC10)

Time:- 1 Hours

Date:- 17/07/2021

Full Marks -10

নিম্ন লিখিত যে কোনো ১০ টি প্রশ্নের উত্তর দাও

১০ × ১=১০

১। লকের মতে, নিম্নে উল্লেখিত গুণ গুলির মধ্যে কোনটি মুখ্যগুণ?

(ক) বস্তুর রং (খ) বস্তুর আকার (গ) বস্তুর গন্ধ (ঘ) এদের মধ্যে কোনটিই নয়

২। 'দুঃখ যে কি তা আমি জানি' – এখানে কোন অর্থে 'জানা' পদটি ব্যবহার করা হয়েছে?

(ক) পরিচিতি অর্থে (খ) বাচনিক অর্থে (গ) দক্ষতা অর্থে (ঘ) কোনটিই নয়

৩। 'আমি ফুটবল খেলতে জানি' – এখানে 'জানা' পদটি কি অর্থে ব্যবহার করা হয়েছে?

(ক) পরিচিতি অর্থে (খ) বাচনিক অর্থে (গ) দক্ষতা অর্থে (ঘ) কোনটিই নয়

৪। 'কোনো বিশ্বাস বা জ্ঞান তখনই সত্য হবে, যদি তার অনুরূপ ব্যাপার বা তথ্য বাস্তবে থাকে'—এই মত কারা স্বীকার করেন?

(ক) সংস্কৃতবাদীরা (খ) প্রয়োগবাদীরা (গ) অনুরূপতাবাদীরা (ঘ) এদের মধ্যে কেউই নয়

৫। সংস্কৃতবাদের সমর্থক হলেন?

(ক) বার্কলে (খ) লক (গ) কান্ট (ঘ) দেকার্ত

৬। একজন চরমপন্থি বুদ্ধিবাদী দার্শনিক হলেন-

(ক) কান্ট (খ) লাইবনিজ (গ) দেকার্ত (ঘ) স্পিনোজা

৭। 'আমি (আত্মা) এবং আমার ধারণা ছাড়া কোনো কিছুই অস্তিত্ব নেই' – এই মতবাদটি হল

(ক) দ্বৈতবাদ (খ) অহংসর্বস্ব বাদ (গ) বিচারবাদ (ঘ) বহুত্ববাদ

৮। 'বুদ্ধিতে এমন কিছু নেই যা পূর্বে ইন্দ্রিয়ের মধ্যে ছিল না' – এই উক্তিটি কার?

(ক) স্পিনোজা (খ) লাইবনিজ (গ) দেকার্ত (ঘ) লক

৯। 'বুদ্ধিতে এমন কিছু নেই যা পূর্বে ইন্দ্রিয়ের মধ্যে ছিল না, কেবল বুদ্ধি ছাড়া' – এই উক্তিটি কার?

(ক) স্পিনোজা (খ) লাইবনিজ (গ) দেকার্ত (ঘ) লক

১০। 'Esse Est Percipi' সূত্রটির অর্থ হল -

(ক) প্রত্যক্ষ অস্তিত্ব নির্ভর (খ) অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর (গ) অস্তিত্ব সারধর্মের পূর্ববর্তী (ঘ) সারধর্ম অস্তিত্বের পূর্ববর্তী

১১। 'কার্য ও কারণের মধ্য কোনো অবশ্যম্ভব সম্বন্ধ নেই' কে বলেছেন?

(ক) স্পিনোজা (খ) লাইবনিজ (গ) দেকার্ত (ঘ) হিউম

১২। 'কার্য – কারণ সম্বন্ধ সম্পর্কে প্রসক্তি তত্ত্বের প্রবক্তা কে?

(ক) লক (খ) কান্ট (গ) দেকার্ত (ঘ) হিউম